





Digital Life Form



Biological Motion



Music Space



Alien System




Digital Canvas




Sound Chaos



Columbus Egg




DNA Composition



Holowall Table



Hello IT



Harp without String



Smart Game and Smart Step Floor




“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।



তথ্য ও যোগাযোগঃ

ফোন : ৯১৩৮৮৭৮, ৯১২৩৭৬২, ৯১৩৯৫৭৭

ফ্যাক্স: ৯১৩০০০৬

ই-মেইল : bsmrnovotheatre@yahoo.com

ওয়েব : www.novotheatre.gov.bd

http://novotheatre.portal.gov.bd

বিভিন্ন রাইড এবং প্লানেট শো



5D Movie Theatre



Ride Simulator



5D Interactive Edutainment Simulator



Space-planets and earth


ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটসমূহ :



Roller Coaster




Touch Me




Earthquake System




Magic Vision




Tornado System



Motion Magic Mirror



Helicopter Hovering



Air Rocket




Weight on Planet



Space Pilot Training



Info Wall



Mirror Time

অন্ধকার রাত। সুনসান নীরবতা। হিম শীতল হাওয়া বইছে চারপাশে। মাথার উপর মেঘমুক্ত বিস্তীর্ণ আকাশে জ্বলজ্বল করছে লক্ষ কোটি তারা। ঐ তো সপ্তর্ষিমন্ডল; ঐ যে সুদূর নীহারিকা। চন্দ্র, সূর্য, কালপুরুষ, সন্ধ্যাতারা একে একে সবাই যেন দল বেঁধে হাজির হয়েছে। কী বিশাল তাদের আকৃতি! কী ছন্দময়, সুশৃঙ্খল তাদের ছুটে চলা! অপার বিস্ময় আর টানটান উত্তেজনায় ভরে ওঠে মন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আপনাকে দূর মহাকাশের গ্রহ-নক্ষত্রদের এমনি এক মিলন মেলা এখন নতুনরূপে আরও অত্যাধুনিক ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে পর্যবেক্ষণের আমন্ত্রণ জানাচ্ছে।

তথ্য কণিকা: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ঢাকার বিজয় সরণী এলাকায় ১২৩ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করেছে দেশের একমাত্র প্ল্যানেটেরিয়াম “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার।”

উদ্দেশ্য: দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে এ অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষা প্রতিষ্ঠান স্থাপিত হয়েছে।

যন্ত্রপাতি: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের অর্ধ গোলাকৃতির ডোমে আছে বিমোহিত করার মতো অত্যাধুনিক ডিজিটাল প্ল্যানেটেরিয়াম প্রজেকশন সিস্টেম প্রযুক্তি। এছাড়া রয়েছে অত্যাধুনিক প্রক্ষেপণ যন্ত্রপাতি, এ্যাস্ট্রোটেকের পারফরেটেড এ্যালুমিনিয়াম পর্দা এবং গোটোর জিএসএস হেলিয়াস স্পেস সিমুলেটর।

১। ডিজিটাল ফিল্ম:

প্রদর্শনী : নভোথিয়েটারে অত্যাধুনিক ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে ৫টি মহাকাশ বিষয়ক প্রদর্শনী দেখানো হয়। প্রতিটি প্ল্যানেট শো আলাদা আলাদা বৈশিষ্ট্য নিয়ে তৈরী করা হয়েছে। প্রতিটি প্ল্যানেট শোই মহাকাশ বিজ্ঞানের নতুন নতুন আবিষ্কারের তথ্যে ভরপুর। তাই প্রতিটি শো আপনার জ্ঞান ভান্ডারকে পরিপূর্ণ করে মহাকাশ আবিষ্কারের নেশায় নতুন উত্তেজনায় মেতে তুলবে।

নিচে ৫টি মহাকাশ বিষয়ক প্রদর্শনীর কিছু তথ্য দেয়া হলো—

(ক) মিশন টু ব্লাক হোল: মহাবিশ্বের সর্বাধিক বিস্ময়কর স্থান ব্লাক হোল যেখান থেকে আলো পর্যন্ত বেরিয়ে আসতে পারেনা। ক্রোনুজ ও ডারউইন নামক দুটি মহাকাশযানের মাধ্যমে ব্লাক হোল এবং গ্রিজার-৫৮১ নক্ষত্রের ভারচুয়াল ভ্রমণের অনুভূতি নিয়ে তৈরী হয়েছে ব্লাক হোল সিনেমা। এই সায়েন্স ফিকশন ফিল্মে পাবেন ব্লাক হোল সম্পর্কিত এ পর্যন্ত আবিষ্কৃত সকল তথ্য ও মানুষের বসবাস উপযোগী গ্রহ সন্ধানের বিজ্ঞানীদের নতুন আবিষ্কার।

(খ) গুড নাইট গল্ডিলকস: পৃথিবী একমাত্র প্রাণের বসবাসের উপযোগী গ্রহ। এইটি নির্ভর করে সূর্য থেকে পৃথিবীর দুরত্বের উপরে। প্রাণের বসবাস উপযোগী অঞ্চলকে বলা হয় গল্ডিলকস অঞ্চল। মহাবিশ্বে কতটি নক্ষত্রের গল্ডিলকস অঞ্চলে গ্রহ আছে এবং সেখানে প্রাণের অস্তিত্ব আছে কিনা এবং বসবাস উপযোগী গ্রহ সন্ধানের টেলিস্কোপের অভিযান নিয়ে নির্মিত ফিল্ম গুড নাইট গল্ডিলকস।

(গ) জার্নি টু দ্যা স্টার: মহাকাশে তারাদের, জন্ম, মৃত্যু এবং আবর্তনকাল এর বিস্তারিত বর্ণনাসহ আমাদের গ্যালাক্সি মিল্কি ওয়েতে সূর্যের অবস্থান ও সূর্যকে কেন্দ্র করে নয়টি গ্রহের আবর্তনের বিস্তারিত বর্ণনা দেয়া হয়েছে এই ফিল্মে।

(ঘ) ডন অফ দ্যা স্পেস এজ: মানব জাতীয় মহাকাশের অপার রহস্য আবিষ্কারের নেশা প্রাচীন মিসরীয় সভ্যতা থেকে জানা যায়। ১৯৫৭ সালে সাবেক সোভিয়েত ইউনিয়ন স্পুতনিক নামক কৃত্রিম উপগ্রহ উক্ষেপনের পর থেকে মহাকাশ যুগের যাত্রা শুরু। নাসার সফল চন্দ্র অভিযান থেকে শুরু করে বুধ, শুক্র, মঙ্গল গ্রহ ও অন্যান্য সকল সফল অভিযানসহ মহাকাশ স্পেস স্টেশন স্থাপনের নানা তথ্য নিয়ে নির্মিত ফিল্ম ডন অফ দ্যা স্পেস এজ।

(ঙ) সিফনি অফ দ্যা স্টারি স্কাই: মহাকাশের বিষয়ে প্রাচীন ভারতীয় ও মিশরীয়দের ধারণাসহ সূর্যের ৯টি গ্রহের বিস্তারিত বর্ণনা এবং ভয়েজার-১ ও ভয়েজার-২ এর অভিযানের সাহায্য নিয়ে নির্মিত মহাকাশের বিশদ তথ্য নির্ভর ফিল্ম সিফনি অফ দ্যা স্টারি স্কাই।

২। ডিজিটাল ফিল্ম:

নভোথিয়েটারের প্রতিটি শোতে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক জীবন ও স্বাধীনতা সংগ্রামে তাঁর গৌরবোজ্জ্বল ভূমিকার উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম” প্রদর্শিত হয়। এ ফিল্মটি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণসহ তাঁর জীবনের অনেক অজানা তথ্য নিয়ে নির্মিত হয়েছে। সকল শ্রেণীর দর্শকই এই ফিল্মের মাধ্যমে জানতে পারবেন মুক্তিযুদ্ধের পটভূমি, পাক হানাদার বাহিনীর নির্মম অত্যাচার, এদেশের মুক্তি পাগল মানুষের প্রতিরোধসহ স্বাধীনতা সংগ্রামের বিভিন্ন দিক।

টিকেট সংগ্রহ: প্রতিটি শো এর জন্য আলাদা টিকেট ক্রয় করতে হয়। প্রদর্শনী হলের আসন সংখ্যা ২৭৫। প্রতিদিনের প্রথম প্রদর্শনীর ৩০ মিনিট পূর্বে এবং অন্যান্য প্রত্যেক প্রদর্শনীর ১.৩০ ঘন্টা পূর্বে কাউন্টার থেকে টিকেট বিক্রয় করা হয়।

অনলাইনে টিকেট সংগ্রহ: আপনার ব্রাউজার অপশন থেকে www.novothatre.gov.bd অথবা www.sobticket.com এ ব্রাউজ করে আপনার পছন্দের দিন/তারিখ এবং প্রোগ্রাম (planet show/Exhibits & Ride) সিলেক্ট করুন এবং BUY TICKET এ ক্লিক করুন। এরপর স্ক্রিনের নির্দেশনা মোতাবেক টিকেটের সংখ্যা ও অন্যান্য তথ্য পূরণ করুন। সর্বশেষ টিকেটের মূল্য পরিশোধের জন্য Payment Getway এর সাইটে প্রবেশ করে পছন্দের পেমেন্ট অপশনের মাধ্যমে টিকেটের মূল্য পরিশোধ করুন। আপনার Transaction প্রক্রিয়াটি যথাযথভাবে সম্পন্ন হলে “TICKET PURCHASE SUCCESSFUL” বার কোড সম্বলিত টিকেটের প্রিন্ট কপি সংগ্রহ করে নভোথিয়েটারের গেইটে প্রদর্শন পূর্বক প্রদর্শনী উপভোগ করতে পারবেন।

এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে মহাপরিচালক বরাবর লিখিত আবেদন সাপেক্ষে অগ্রীম টিকেট বরাদ্দের ব্যবস্থা রয়েছে।

অ্যাপ্রুয়েড অ্যাপস: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের অ্যাপ্রুয়েড অ্যাপসটি গুগল প্লে স্টোর থেকে ডাউনলোড করা যাবে। আপনার মোবাইলের প্লে স্টোর অ্যাপসটি ওপেন করে “novothatre” লিখে সার্চ করে অ্যাপসটি ডাউনলোড ও ইন্সটল করা যাবে।

শর্তাবলী:

- * দর্শনার্থীগণ ১৫ (পনের) দিনের অগ্রীম টিকেট ক্রয় করতে পারবেন।
- * একজন দর্শনার্থী একই সাথে সর্বোচ্চ ১০ (দশ) টি টিকেট অনলাইনে অগ্রীম ক্রয় করতে পারবেন।

বিভিন্ন ধরনের এক্সিবিটস ও রাইডসমূহ:

ক্যাপসুল রাইড সিমুলেটর: ক্যাপসুল রাইড সিমুলেটরে আরোহণের মাধ্যমে ৩০ ডিগ্রী কোণে এবং আনুভূমিক ও উল্লম্ব তলে দ্রুত গতিসম্পন্ন রোলার কোস্টারে চেপে/প্রাচীন পিরামিডের মধ্য দিয়ে ভ্রমণের অনুভূতিসম্পন্ন টাইম গেট টু ইজিপট/এস্ট্রোজেট/ম্যাক সিন্স এর অনুভূতি লাভ করা যায়। আসন সংখ্যা ৩০ (ত্রিশ), ব্যাপ্তি/সময় ৫ (পাঁচ) মিনিট।

5-D Interactive Edutainment Simulator: এর মাধ্যমে বিশেষ ধরণের মোশন চেয়ার-এ বসে চোখে বিশেষ ধরনের চশমা পরে দেখতে পাবেন বিভিন্ন ধরনের জীবজন্তু, পাহাড়-পর্বত, সাগর, নদী, বন ও চন্দ্র অভিযান ইত্যাদি। সব কিছুকে মনে হবে যেন জীবন্ত। পাওয়া যাবে স্বশরীরে ঘটনার অন্তরালে পৌঁছানোর অনুভূতি। আসন সংখ্যা ১২ (বার), ব্যাপ্তি/সময় ৫ (পাঁচ) মিনিট।

ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটস গ্যালারী: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে নতুন সংযোজিত হয়েছে ৩০টি ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটস। এগুলোর সাহায্যে বিনোদনের মাধ্যমে শিক্ষার্থীরা বিজ্ঞান বিষয়ক জ্ঞান লাভ করতে পারবে। এ সমস্ত অত্যাধুনিক এক্সিবিটস বিজ্ঞানের চরম উৎকর্ষতার প্রতীক। এর দ্বারা দেশের শিক্ষার্থীরা বিজ্ঞানের চমকপ্রদ এবং আশ্চর্যজনক বিষয়গুলোকে অবলোকন ও অনুভব করতে পারবে এবং তাদেরকে বিজ্ঞান মনস্ক হতে সহায়তা করবে। এছাড়াও রয়েছে সৌর জগতের গ্রহসমূহের মডেল, মহাকাশ বিষয়ক তথ্যচিত্র, সূর্য, পৃথিবী ও চাঁদের মডেল ইত্যাদি।

5-D Movie Theatre: অত্যাধুনিক প্রযুক্তির নতুন সংযোজিত 5-D Movie Theatre-এ চোখে বিশেষ ধরনের চশমা দিয়ে দেখা যাবে আকর্ষণীয় প্রদর্শনী যাতে রয়েছে Bubble, Air, Water, Leg tickler, Special lighting, Chair movement, Smoke ইত্যাদির দারুণ effect. আসন সংখ্যা ৪০ (চল্লিশ) ব্যাপ্তি/সময় ৫-৭ মিনিট।

পরমাণু শক্তি তথ্য কেন্দ্র: শিক্ষা ও বিনোদন এক সাথে পাবেন নভোথিয়েটারে স্থাপিত পরমাণু শক্তি তথ্য কেন্দ্রে। এখানে আছে 3D এ্যানিমেটেড মুভি, নিউক্লিয়ার সেফটি মডেল, মানবদেহের তেজস্ক্রিয়তা পরিমাপের যন্ত্র-ডিসিমিটার এবং আরও অনেক কিছু। এটি বিনামূল্যে এবং সকলের জন্য উন্মুক্ত।


অন্যান্য বিষয়: নভোথিয়েটারে রয়েছে ১৫০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম, ৫০ আসন বিশিষ্ট কনফারেন্স রুম, উন্মুক্ত খালি জায়গা যা সরকার নির্ধারিত হারে ভাড়া দেয়া হয় (শর্ত প্রযোজ্য)। এছাড়া রয়েছে ক্যাপসুল লিফটের সুব্যবস্থা।

সতর্কতা:

- ১। দুই বছরের কম বয়সী শিশু এবং অসুস্থ ব্যক্তিদের নভোথিয়েটারের প্রদর্শনী উপভোগ না করাই উত্তম।
- ২। খাবার, পানীয়, ব্যাগ, ক্যামেরা নিয়ে প্রদর্শনী হলে প্রবেশ নিষেধ।
- ৩। প্রদর্শনী হলের ভিতরে ছবি তোলা, আলো জ্বালানো, মোবাইল ফোন ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৪। শো শুরু হবার পর প্রদর্শনী হলে প্রবেশ করা যায় না।
- ৫। বিক্রীত টিকেট ফেরত নেয়া হয়না।

স্বপ্ন হলো সত্যি। আর দূর দেশে নয়। মহাকাশ পর্যবেক্ষণের নির্মল আনন্দ এবং জ্যোতির্বিজ্ঞান বিষয়ক জ্ঞান আহরণের দুর্লভ সুযোগ এখন আপনার দেশেই। সুতরাং দেরী নয় আজই আসুন।

লোকেশন ম্যাপ



প্রদর্শনীর সময়সূচী:

শো	প্রদর্শনীর নাম	প্রদর্শনীর বয়সসীমা (শিশু, রবি, সোম, মঙ্গল ও বুধ-শুক্রবার)	প্রদর্শনীর সময়	
			প্রদর্শনী উক্তর সময় (শুক্রবার)	প্রদর্শনী উক্তর সময় (বুধবার)
১ম শো	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম ও Dawn of the Space Age	সকাল ১০:৩০	সকাল ১০:৩০	সকাল ১০:০০
২য় শো	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম ও Mission to Black Hole	দুপুর ১২:০০	দুপুর ১২:০০	সকাল ১১:৩০
৩য় শো	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম ও Journey to the stars	বেলা ২:০০	বেলা ২:০০	বেলা ২:৩০
৪র্থ শো	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম ও Goodnight Goldlocks	বিকাল ৩:৩০	বিকাল ৩:৩০	বিকাল ৩:৩০
৫ম শো	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম ও Symphony of the Starry Sky	বিকাল ৫:০০	বিকাল ৫:৩০	বিকাল ৫:৩০
৬ষ্ঠ শো	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম ও Journey to the stars	সন্ধ্যা ৬:৩০	সন্ধ্যা ৭:০০	বিকাল ৫:৩০
বুধবার	সাপ্তাহিক বন্ধ। এছাড়া অন্যান্য সরকারী ছুটির দিন নভোথিয়েটার বন্ধ থাকে।			--

টিকেটের মূল্য তালিকা

প্রদর্শনীর নাম	প্রতিটি টিকেটের মূল্য (টাকা)
প্র্যান্টেরিয়াম শো	১০০.০০
ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটস	৫০.০০
5D Interactive Edutainment Simulator	৫০.০০
5D Movie Theatre	৫০.০০
ক্যাপসুল রাইড সিমুলেটর	৫০.০০